

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৭৮৭

কমলপুর, ১২ জুলাই, ২০২৪

ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচন-২০২৪

দুর্গাচৌমুহনি ব্লকে রাজনৈতিক দলের প্রতিনিধিদের নিয়ে সভা

ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচন-২০২৪ উপলক্ষে গতকাল দুর্গাচৌমুহনি ব্লকে বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিদের নিয়ে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় বিজেপি, আইএনসি, সিপিআই(এম), তিপুরা মথা এবং জেএমপি দলের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন। সভায় রিটার্নিং অফিসার তথা দুর্গাচৌমুহনি ব্লকের বিডিও সমীর কুমার দাস ব্লকে ত্রিস্তর পঞ্চায়েত নির্বাচন শান্তিপূর্ণভাবে সম্পন্ন করতে রাজনৈতিক দলগুলির সহযোগিতা কামনা করেন।
